দৈনিক ইত্তেফাক

2 FEB 2017

# মোল্লাহাটে দু'টি বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন

## এসএসসি পরীক্ষার্থী ও অভিভাবকদের ক্ষোভ

■ **চিতলমারী (বাগেরহাট) সংবাদদাতা**

বাগেরহাটের মোল্লাহাটে অনাকাঙ্ক্ষিত একটি ঘটনাকে কেন্দ্র করে এবার এসএসসি ও দাখিল পরীক্ষার ২টি বিদ্যালয়ের পরীক্ষার্থীকে দূরবর্তী একটি কেন্দ্রে পরীক্ষা দিতে যেতে হবে। এ নিয়ে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

জানা গেছে, গত অক্টোবরে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষা চলাকালে ইংরেজি পরীক্ষায় ঘড়ি সদৃশ মোবাইল ফোনের সাহায্যে নকল করা অবস্থায় শিক্ষকের হাতে ধরা পড়ে বহিষ্কার হয় এক পরীক্ষার্থী। পরে ক্ষুব্ধ হয়ে ওই পরীক্ষার্থী দল-বল নিয়ে শিক্ষক ধনঞ্জয় মণ্ডলকে বেধড়ক মারধর করে। এ কারণে নাগুখালী সোশ্যাল ওয়েলফেয়ার মাধ্যমিক বিদ্যালয় এবং চাঁদেরহাট মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে এ বছর মোল্লাহাট ওয়াজেদ মেমোরিয়াল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে পরীক্ষা দিতে হবে।

শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এ বছরের পরীক্ষায় মোল্লাহাট উপজেলায় স্কুল এবং মাদ্রাসা মিলিয়ে মোট ২ হাজার ৪২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এ বছর এসএসসি-তে ২টি কেন্দ্র থেকে ১ হাজার ৮ শ'৭২ জন পরীক্ষায় অংশ নিচ্ছে। ১৯টি বিদ্যালয়ের মধ্যে বেশি সংখ্যক ১ হাজার ১শ ৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে মোল্লাহাট ওয়াজেদ মেমোরিয়াল পাইলট মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে যেখানে কারিগরি বিভাগের পরীক্ষার্থী রয়েছে ১শ' ৯৫ জন। বাকি ৭শ' ৬৭ জন পরীক্ষার্থী চরকুলিয়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষায় অংশ নেবে।

আর একটি মাত্র কাহালপুর আলীম মাদ্রাসা কেন্দ্রে দাখিল পরীক্ষার্থী ২শ'১০ জন পরীক্ষায় অংশ নেবে। এ বছরের পরীক্ষায় নাগুখালী সোশ্যাল ওয়েলফেয়ার মাধ্যমিক বিদ্যালয় এবং চাঁদেরহাট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরীক্ষার্থীরা পূর্বের কেন্দ্র চরকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিবর্তে মোল্লাহাট ওয়াজেদ মেমোরিয়াল পাইলট মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষায় অংশ নেবে।

শরীফুল ইসলাম নামের এক অভিভাবক জানান, কেন্দ্র পরিবর্তন করায় আমাদের ছেলে-মেয়েদের অনেক দূরে গিয়ে পরীক্ষা দিতে যেতে হচ্ছে। পাশাপাশি পরিবহন খরচও দ্বিগুণেরও বেশি গুণতে হবে।

এ ব্যাপারে মুঠোফোনে কথা হলে মোল্লাহাট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোসা: কামরুন্নেছা জানান, শিক্ষককে লাঞ্ছিত করার ঘটনাকে কেন্দ্র করেই এ বছর মূলত ওই দুটি স্কুলের কেন্দ্র পরিবর্তন করা হয়েছে।